

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৮. ৩. নাপাক পুরুষের ছোঁয়ায় নাপাক হওয়া ও বাসন ভাঙা

"যে লোকের স্রাব হচ্ছে তার বিছানা যে ছোঁবে তাকে তার কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে, আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে তার বসা কোন আসনে বসবে তাকে তার কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে। আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে লোকের স্রাব হচ্ছে সেই লোককে যে ছোঁবে তাকে তার কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে, আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে লোকের স্রাব হচ্ছে সে যদি কোন পাকসাফ লোকের গায়ে থুথু ফেলে তবে সেই পাকসাফ লোকটির কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে। আর সে সন্ধ্যা পর্যন্ত নাপাক থাকবে। যে লোকের স্রাব হচ্ছে সে কিছুতে চড়ে কোথাও যাবার সময়ে যে আসনের উপর বসবে তা নাপাক হয়ে যাবে। তার বসা কোন আসন যদি কেউ ছোঁয় তবে সে সন্ধ্যা পর্যন্ত নাপাক থাকবে। সেই আসন যে তুলবে তাকে তার কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে, আর সন্ধ্যা পর্যন্ত নাপাক অবস্থায় থাকবে। যে লোকের স্রাব হচ্ছে সে যদি গানিতে হাত না ধুয়ে কাউকে ছোঁয় তবে সেই লোকটিকে তার কাপড়-চোপড় ধুয়ে পানিতে গোসল করে ফেলতে হবে, আর কাপের থাকবে। যে লোকের স্রাব হচ্ছে সে যদি কোন মাটির পাত্র ছোঁয় তবে তা ভেংগে ফেলতে হবে। আর কাঠের পাত্র হলে তা পানি দিয়ে ধুয়ে নিতে হবে। (লেবীয় ১৫/৫-১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14469

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন